

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৯. ১. মন্দ আত্মা দ্বারা অলৌকিক কর্ম সম্ভব বা অসম্ভব

ইঞ্জিলে কোথাও বলা হয়েছে যে, মন্দ মানুষেরা শয়তান বা মন্দ আত্মার (বদ-রূহের) মাধ্যমে কোনো অলৌকিক কর্ম করতে পারে না। অন্যত্র বলা হয়েছে যে মন্দ মানুষেরাও অলৌকিক কর্ম করতে পারে।

যীশুর অলৌকিক কর্ম দেখে ইহুদি ধর্মগুরুরা বলেন যে, তিনি মন্দ আত্মার মাধ্যমে এ সকল অলৌকিক কর্ম সাধন করছেন। প্রতিবাদে যীশু বলেন: "শয়তান কেমন করে শয়তানকে তাড়িয়ে দিতে পারে? কোন রাজ্য নিজের মধ্যে ভাগ হয়ে গেলে সেই রাজ্য টিকতে পারে না। আবার কোনো পরিবার যদি ভাগ হয়ে যায় তবে সেই পরিবারও টিকতে পারে না। সেইভাবে শয়তানও যদি নিজের বিরুদ্ধে দাঁড়িয়ে তার শক্তিতে ভাংগন ধরায় তবে সেও টিকতে পারে না এবং সেখানেই তার শেষ হয়।" (মার্ক ৩/২৩-২৬, বাইবেল-২০০০ ও মো.-০৬। আরো দেখুন মথি ১২/২২-৩২; লুক ১১/১৪-২৩)

মার্ক লেখেছেন (৯/৩৮-৩৯ বাইবেল-২০০০): "যোহন যীশুকে বললেন, 'গুরু, আমরা একজন লোককে আপনার নামে মন্দ আত্মা ছাড়াতে দেখে তাকে বারণ করলাম, কারণ সে আমাদের দলের লোক নয়।' যীশু বললেন, 'তাকে বারণ করো না। আমার নামে আশ্চর্য কাজ করবার পরে কেউ আমার নামে নিন্দা করতে পারে না।''

যোহন লেখেছেন: "আমরা জানি ঈশবর পাপীদের কথা শোনেন না। কিন্তু যদি কোন লোক ঈশ্বরভক্ত হয় ও তাঁর ইচ্ছামত কাজ করে তবে ঈশ্বর তাঁর কথা শোনেন। জগৎ সৃষ্টির পর থেকে কখনও শোনা যায় নি, জন্ম থেকে অন্ধ এমন কোন লোকের চোখ কেউ খুলে দিয়েছে। যদি উনি ঈশ্বরের কাছ থেকে না আসতেন তবে কিছুই করতে পারতেন না।" (যোহন ৯/৩১-৩৩: বাইবেল-২০০০)

উপরের বক্তব্যগুলো নিশ্চিত করে যে, মন্দ লোক মন্দ আত্মার মাধ্যমে অলৌকিক কর্ম করতে পারে না। যীশুর নামে যে মন্দ আত্মা ছাড়ায় সে কখনো মন্দ হতে পারে না। সর্বোপরি ঈশ্বর পাপীর কথা শুনে কোনো অলৌকিক কর্ম ঘটান না। কিন্তু এর বিপরীতে অন্যত্র যীশু বলেছেন: "অনেক ভণ্ড মশীহ ও ভণ্ড নবী আসবে এবং বড় বড় আশ্চর্য ও চিহ্ন-কাজ করবে, যাতে সম্ভব হলে ঈশ্বরের বাছাই করা লোকদেরকেও তারা ঠকাতে পারে।" (মথি ২৪/২৪ এবং মার্ক ১৩/২২: বাইবেল-২০০০)

যীশু আরো বলেন: "যারা আমাকে 'প্রভু, প্রভু' বলে তারা প্রত্যেকে যে স্বর্গ-রাজ্যে ঢুকতে পারবে তা নয়, কিন্তু আমার স্বর্গস্থ পিতার ইচ্ছা যে পালন করে সে-ই ঢুকতে পারবে। সেই দিন অনেকে আমাকে বলবে, 'প্রভু, প্রভু, তোমার নামে কি আমরা নবী হিসাবে কথা বলিনি? তোমার নামে কি মন্দ আত্মা ছাড়াই নি? তোমার নামে কি অনেক আশ্চর্য কাজ করিনি? তখন আমি সোজাসুজিই তাদেরকে বলব, 'আমি তোমাদের চিনি না, দুষ্টের দল, (ye that work iniquity: তোমরা যারা পাপকর্ম কর) আমার কাছ থেকে তোমরা দূর হও।" (মথি ৭/২১-২৩, বা-২০০০)

পরবর্তী বক্তব্যগুলো প্রমাণ করছে যে, মন্দ মানুষ, ভণ্ড নবী বা ভণ্ড মসীহরাও অনেক অলৌকিক কর্ম করতে



পারেন যা দেখে ঈশ্বরের নির্বাচিত মানুষ পর্যন্ত প্রতারিত হতে পারে। আমরা আরো জানলাম যে, যীশুর নামে মন্দ আত্মা ছাড়ানোর পরেও সে ব্যক্তি ঈশ্বর বিরোধী ও জাহান্নামী হতে পারে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14083

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন